

রামগঞ্জ মাদ্রাসার ছাদ ধসে সাত শিক্ষার্থী আহত

রামগঞ্জ (লক্ষীপুর) সংবাদদাতা

লক্ষীপুরের রামগঞ্জ রাকানীয়া মাদ্রাসার ভবনের ছাদ ধসে
বৃহস্পতিবার সকালে ৭ শিক্ষার্থী আহত হয়েছে। আহত
শিক্ষার্থী খাদিজা আক্তার, আকবর হোসেন, গোলাম
রহমান, তানিয়া আক্তার ও মুলতানা আক্তারকে প্রাইভেট
হাসপাতালে ভর্তি করে।

১৯৬৪ সালে প্রতিষ্ঠিত রামগঞ্জ রাকানীয়া মাদ্রাসার
স্বীকৃতিপূর্ণ ভবনে ১২০০ শিক্ষার্থী কয়েক বছর ধরে স্কুলি
নিয়ে ক্লাস করছে। অধ্যক্ষের আবেদনের
পরিশ্রমিতে শিক্ষা অধিদপ্তরের প্রকৌশলী ২০০৬
সালে ভবনটি পরিত্যক্ত ঘোষণা করেন। এরপর থেকে
শিক্ষকরা সাইক্লোন সেন্টার, খোলা আকাশের নিচে
কখনো বা গাছতলা বসে পাঠদান অব্যাহত রাখেন।
কয়েকদিন ধরে টানা বর্ষণের ফলে শিক্ষকরা পরিত্যক্ত
ভবনে পাঠদান করতে বাধ্য হন। অধ্যক্ষ এএইচএম
মোস্তাক আহম্মদ জানান, সকাল ৯টায় ক্লাস শুরু

হলে শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে প্রবেশের মুহুর্তে ছাদ ধসে
পড়ে। পরে শিক্ষার্থীদের নিরাপদে নিয়ে উপজেলা
নির্বাহী অফিসার, পরিচালনা, কমিটির সদস্য ও
মাধ্যমিক শিক্ষা অফিসারের সঙ্গে ফোনে যোগাযোগ
করে প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করা হয়।
পরিচালনা কমিটির সদস্য ও রামগঞ্জ বাজার কমিটির
সভাপতি আকবর হোসেন জানান, শিক্ষা প্রকৌশলী
ভবনটি পরিত্যক্ত ঘোষণা করলেও বিকল্প ব্যবস্থা না
থাকায় পাঠদান অব্যাহত রাখা হয়। অধ্যক্ষ গত বছরের
২৬ জুলাই-ও চলতি বছরের ২৯ এপ্রিল উপজেলা
নির্বাহী অফিসার, জেলা প্রশাসক, শিক্ষা প্রকৌশলীসহ
সংশ্লিষ্ট কর্মকর্তাদের কাছে আবেদন করলেও কোনো
ব্যবস্থা নেয়া হয়নি। উপজেলা নির্বাহী অফিসার
ফাতেমা তুন জাম্মাত জানান, ছাদ ধসে পড়ার বিষয়টি
মাদ্রাসা অধ্যক্ষ জানিয়েছেন। কিন্তু শিক্ষার্থী আহত
হওয়ার বিষয়টি জানাননি।